

উপজেলা পরিষদ কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গ.ম/ উপজেলা কমিটি/২০২২-

তারিখ : ১১/০১/২০২২ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদের সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১৫/০১/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি :

- ১। গফরগাঁও উপজেলা প্রশাসনের উদ্যোগে বিজয় দিবস উদযাপন সম্পর্কিত কার্যক্রম এর জন্য আলোচনা
- ২। বিবিধ।



(রেশমা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। জেলা কালচারাল অফিসার, ময়মনসিংহ।
- ৫। উপজেলা যুব উন্নয়ন অফিসার, গফরগাঁও।
- ৬। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, গফরগাঁও উপজেলা শাখা।
- ৭। চেয়ারম্যান.....ইউ.পি.।
- ৮। জনাব সদস্য, উপজেলা পরিষদের সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটি, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৯। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন অফিসার কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব রেশমা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।
সভার তারিখ : ১৫/০১/২০২২ খ্রিঃ, সময় : দুপুর ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সদস্য সচিব কে গফরগাঁও উপজেলার সংস্কৃতি বিষয়ক কার্যক্রমে নিম্নে তুলে ধরেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভাপতি জানান যে, মহান একুশে ফেব্রুয়ারি, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। রক্ত দিয়ে বাংলা ভাষার মর্যাদা চির উজ্জ্বল করার ক্ষেত্রে পৃথিবীর অনন্য এ ইতিহাসের আজ বাষট্টি বছর পূর্তি। ঐতিহাসিক ভাষা আন্দোলনের অমর শহীদদের স্মরণে জাতি যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে দিবসটি উদযাপন করা হবে। কর্মসূচির মধ্যে রয়েছে, হালুয়াঘাট কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, জাতীয় পতাকা অর্ধনমিতকরণ, আলোচনা সভা, র্যালী, চিত্রাংকন, মিলাদ মাহফিল ইত্যাদি। উপজেলা প্রশাসন: মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে হালুয়াঘাট উপজেলা প্রশাসন বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে। কর্মসূচির মধ্যে রয়েছে, রাত ১২টা ১ মিনিটে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, সকাল ৮টায় উপজেলা প্রশাসকের কার্যালয় হতে কেন্দ্রীয় শহীদ মিনার পর্যন্ত প্রভাত ফেরী, বাদ যোহর শহীদদের জন্য মাগফেরাত কামনায় জামে মসজিদে খতমে কুরআন ও দোয়া মাহফিল, সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও বিভিন্ন উপাসনালয়ে মোনাজাত ও বিশেষ প্রার্থনা, সন্ধ্যা সাড়ে ৬টায় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান, সকাল ১০টায় শিশু একাডেমী ও স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে ভাষারগান প্রতিযোগিতা (স্কুল পর্যায়) ও সকাল ১১টায় চিত্রাংকন ও বাংলায় হাতের লেখা প্রতিযোগিতা (স্কুল পর্যায়) এবং বিকেল ৪টায় শিশুদের জন্য আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং সন্ধ্যা সাড়ে ৬টায় উপজেলা কনফারেন্সকেন্দ্রে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।</p>	<p>সংস্কৃতি কার্যক্রমের পরিধি বাড়তে বিভিন্ন আয়োজনের মাধ্যমে এর ব্যাপক প্রচার কার্য চালানোর জন্য সিদ্ধান্ত হয়।</p> <p>১১নং দত্তেরবাজার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর প্রস্তাব বিবেচনা পূর্বক আন্তর্জাতিক মাতৃভাষাদিবস উদযাপন করতে হবে।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(রেশমা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গফরগাঁও।
তারিখঃ ১৫/০১/২০২২ খ্রি.

স্মারক নং-উ.যু.উ.অ/গ.ম/২০২২-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।



উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
গফরগাঁও, ময়মনসিংহ।